(ই-মেইল/হোয়াটসঅ্যাপ গ্রুপ যোগে প্রেরিত)

স্মারক নং: বায়রা/৩(৯)/২০২৫/৪৩৯

তারিখঃ ২৪ আশ্বিন ১৪৩২ / ০৯ অক্টোবর ২০২৫

প্রাপক:
**সম্মানিত সদস্য (সকল)**
বায়রা।

**বিষয়ঃ সৌদি দূতাবাসে তালিকাভূক্ত রিক্রুটিং এজেন্সিসমূহের তালিকা সরবরাহ প্রসঙ্গে।**

সূত্রঃ বিএমইটি'র পত্র নং- ৪৯.০১.০০০০.০০০.০০০.৪০.০০৫৫.২৫.৭৪, তারিখ ২৪/০৯/২০২৫

জনাব

আস্-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক সৌদি দূতাবাসে নিবন্ধিত রিক্রুটিং এজেন্সীদের তালিকা প্রদানের জন্য বায়রা বরাবর অনুরোধ জানানো হয়েছে।

এমতাবস্থায়, যে সকল রিক্রুটিং এজেন্সী সৌদি আরবে কর্মী প্রেরণের নিমিত্ত দূতাবাসের সাথে তালিকাভূক্ত রয়েছে সেসব এজেন্সীর নাম আগামী **১৫/১০/২০২৫** তারিখের মধ্যে ই-মেইলে (baira1984@gmail.com) বায়রা সচিবালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি জরুরী।

বায়রা'র পক্ষে

**সংযুক্তি: ১ পাতা বর্ণনামতে।**

**(মোঃ নজরুল ইসলাম)**
সচিব

অনুলিপি (সদয় অবগতির জন্য)ঃ

১। মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), কাকরাইল, ঢাকা- (দৃ:আ: পরিচালক (বহির্গমণ ও প্রটোকল)
২। প্রশাসক, বায়রা, ঢাকা।
৩। নোটিশ বোর্ড (বায়রা ও ডাটাবেজ)/ওয়েবসাইট (www.baira.org.bd)।
৪। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

**BAIRA BHABAN:** 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel: +88-02-41032136-38, Fax: +88-02-41032144
E-mail: baira1984@gmail.com, info@baira.org.bd, Web: www.baira.org.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
একক বহির্গমন শাখা
৮৯/২, কাকরাইল, ঢাকা

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০০.০০০.৪০.০০৫৫.২৫.৭৪

তারিখ: ৯ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: সৌদি দূতাবাসের তালিকাভুক্ত রিক্রুটিং এজেন্সিসমূহের তালিকা সরবরাহ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রতিবছর বাংলাদেশ হতে বিপুল সংখ্যক কর্মী মধ্যপ্রাচ্যসহ বিশ্বের বিভিন্ন দেশে (প্রায় ১৭৬টি দেশে) গমন করছেন। শ্রম বাজার সম্প্রসারণ, বিভিন্ন দেশ হতে চাহিদাপত্র, ভিসা সংগ্রহ ও প্রক্রিয়াকরণে সরকারী ও ব্যক্তি উদ্যোগের পাশাপাশি লাইসেন্সপ্রাপ্ত রিক্রুটিং এজেন্সিসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। নিরাপদ নিয়মতান্ত্রিক এবং গতিশীল অভিবাসনের লক্ষ্যে সরকার ২৮০৭ টি রিক্রুটিং এজেন্সিকে লাইসেন্স প্রদান করেছে।

০২। বর্তমানে সৌদি আরব বাংলাদেশের বৃহত্তম শ্রম বাজার। যেখানে চাহিদাপত্র সংগ্রহ ও ভিসা-প্রসেসিং রিক্রুটিং এজেন্সির মাধ্যমে হয়ে থাকে। কেবলমাত্র সৌদি দূতাবাস কর্তৃক অনুমোদনপ্রাপ্ত রিক্রুটিং এজেন্সিসমূহ সৌদি আরবের ভিসা প্রসেসিং এবং কর্মী প্রেরণ করতে পারে। সৌদি আরবে কর্মী প্রেরণে আগ্রহী বৈধ লাইসেন্সপ্রাপ্ত রিক্রুটিং এজেন্সি কর্তৃক বাংলাদেস্থ সৌদি দূতাবাসে আবেদনের প্রেক্ষিতে দূতাবাস রিক্রুটিং এজেন্সিকে এসংক্রান্ত অনুমোদন প্রদান করে থাকে।

০৩। সৌদি দূতাবাস হতে রিক্রুটিং এজেন্সি'র অনুমোদন সংক্রান্ত কোন তথ্য প্রশাসনিক মন্ত্রণালয়/বিএমইটি-তে পাওয়া যায় না। ফলে সৌদি দূতাবাস কর্তৃক অনুমোদিত/তালিকাভুক্ত রিক্রুটিং এজেন্সিসমূহের প্রকৃত সংখ্যা, নাম/ তালিকা প্রশাসনিক মন্ত্রণালয় ও বিএমইটি অবগত নয়।

০৪। বর্ণিতাবস্থায়, নিয়মতান্ত্রিক ও গতিশীল অভিবাসন এবং কার্যকর ও যথাযথ মনিটরিং এর স্বার্থে সৌদি দূতাবাস কর্তৃক অনুমোদিত/তালিকাভুক্ত রিক্রুটিং এজেন্সিসমূহের বিষয়ে সুস্পষ্ট তথ্য প্রয়োজন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে সৌদি দূতাবাস হতে অথবা বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিস (বায়রা) এর মাধ্যমে রিক্রুটিং এজেন্সি হতে তথ্য সংগ্রহ ও সন্নিবেশ করে এ তালিকা পাওয়া যেতে পারে।

০৫। এমতাবস্থায়, সৌদি আরবের ভিসা/চাহিদাপত্র প্রসেসিং ও কর্মী প্রেরণে সৌদি দূতাবাস কর্তৃক অনুমোদিত রিক্রুটিং এজেন্সিসমূহের তালিকা সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪-০৯-২০২৫
মোঃ তাজিম-উর-রহমান
পরিচালক (বহির্গমন ও প্রটোকল )

প্রশাসক
বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিস (বায়রা), বায়রা ভবন, ১৩০ ইস্কাটন রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০০.০০০.৪০.০০৫৫.২৫.৭৪/১ (৩)

তারিখ: ৯ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক (গ্রেড-১) এর ব্যক্তিগত সহকারী, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান) এর ব্যক্তিগত সহকারী, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা

(মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। অফিস কপি-২০২৫, ।

২৪-০৯-২০২৫

মোঃ তাজিম-উর-রহমান

পরিচালক (বহির্গমন ও প্রটোকল )